ফাতওয়া নাম্বার:৩২৮ প্রকাশকালঃ২৬-০১-২০২৩ ইং

হিজরতের উদ্দেশ্যে জমানো টাকায় কি যাকাত আসবে?

প্রশ্নঃ

আমি দীনের জন্য হিজরত করার উদ্দেশ্যে কিছু টাকা জমাচ্ছি। এই টাকার ওপর এক বছর পূর্ণ হলে কি আমাকে যাকাত দিতে হবে?

নাম- সাআদ

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

এই টাকাও আপনার যাকাতের নেসাবে হিসেব হবে। আপনি যেদিন নেসাবের মালিক হয়েছেন বা হবেন, সেদিন থেকে চাঁদের মাস হিসেবে এক বছর পূর্ণ হলে, অন্যান্য যাকাতযোগ্য সম্পদের সঙ্গে হিজরতের উদ্দেশ্যে সঞ্চিত টাকারও যাকাত আদায় করতে হবে। নেসাব সম্পর্কে আরও জানার জন্য দেখুন,

১. ফাতওয়া: ৩৯-বর্তমানে কত টাকা থাকলে যাকাত দিতে হবে।

২. ফাতওয়া: ৬৫- যাকাতের হুকুম কী? নেসাব কত? এবং কার উপর ফরয।

৩. ফাতওয়া: ১৮২-ঘর করার জন্য জমানো টাকার ওপর কি যাকাত আসবে?

والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

১৫-০৬-১৪৪৪ হি.

০৯-০১-২০২৩ ঈ.